গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শ্রীপুর, মাগুরা
www.sreepur.magura.gov.bd

স্মারক নং- ০৫.৪৪.৫৫৯৫.০০০.০৭.০০৩.২৩- ৫৫৭

তারিখ : ২০ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ
০৩ মে ২০২৩ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকুরী বিধিমাল ২০১১ ও স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরীর শর্তাবলী সম্পর্কিত বিধিমালা ২০১৫ এর ৩(১) এর "ক" অনুযায়ী শ্রীপুর উপজেলার গয়েশপুর, আমলসার, শ্রীকোল, শ্রীপুর, কাদিরপাড়া, নাকোল ইউনিয়নের মহল্লাদারের শুণ্যপদের বিপরীতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নিয়োগ বিজ্ঞপ্তি প্রদান করা হলো:

| ক্র.নং | ইউনিয়নের নাম | শুণ্য পদের সংখ্যা | ওয়ার্ড নং | পদের নাম | নিয়োগ পদ্ধতি |
|---|---|---|---|---|---|
| ০১ | গয়েশপুর ইউনিয়ন | ০১ (এক) জন | ৯ নংওয়ার্ড | মহল্লাদার | সরাসরি নিয়োগের মাধ্যমে |
| ০২ | আমলসার ইউনিয়ন | ০১ (এক) জন | ৫ নং ওয়ার্ড | মহল্লাদার | |
| ০৩ | শ্রীকোল ইউনিয়ন | ০২ (দুই) জন | ১ ও ৬ নং ওয়ার্ড | মহল্লাদার | |
| ০৪ | শ্রীপুর ইউনিয়ন | ০১ (এক) জন | ৩ নং ওয়ার্ড | মহল্লাদার | |
| ০৫ | কাদিরপাড়া ইউনিয়ন | ০১ (এক) জন | ৫ নং ওয়ার্ড | মহল্লাদার | |
| ০৬ | নাকোল ইউনিয়ন | ০১ (এক) জন | ১ নং ওয়ার্ড | মহল্লাদার | |

## শর্তাবলী

১. মহল্লাদার পদে আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে এবং প্রার্থীতক সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা ও সম্ভব হলে সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দা হতে হবে;

২. আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/ স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্ম তারিখ, বয়স (২১.০৫.২০২৩ খ্রি. তারিখে), শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে) ও বিশেষ কোটায় প্রার্থী হলে তা উল্লেখসহ সকল প্রার্থীকে স্বহস্তে লিখিত আবেদনপত্র আগামী ২১.০৫.২০২৩ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, শ্রীপুর, মাগুরা বরাবর পৌছাতে হবে;

৩. আবেদনকারীর বয়স ২১.০৫.২০২৩ খ্রি. তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে তবে মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে ৩২ বছর হতে হবে।

৪. শিক্ষাগত ও শারীরিক যোগ্যতা:

| শিক্ষাগত যোগ্যতা | পুরুষের ক্ষেত্রে | মহিলাদের ক্ষেত্রে |
|---|---|---|
| অষ্টম শ্রেণী বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ | • সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি<br>• বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক), ৩২ ইঞ্চি (সম্প্রসারণ)<br>• সর্বনিম্ন ওজন ৫০ কেজি | • সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট<br>• বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক),৩০ ইঞ্চি<br>• সর্বনিম্ন ওজন ৪৫ কেজি |

৫. আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে;

ক) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক নাগরিক সনদপত্রের মূল/ সত্যায়িত (ওয়ার্ড নং উল্লেখসহ) কপি।
খ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি।
গ) শিক্ষাগত যোগ্যতার সদন পত্রের সত্যায়িত কপি।
ঘ) অভিজ্ঞতা (যদি থাকে) সনদের সত্যায়িত কপি।
ঙ) ১ম শ্রেণী/ ৯ম গ্রেডের কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্রের মূল কপি।
চ) সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০২ কপি সত্যায়িত রঙ্গিন ছবি।
ছ) মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা হিসেবে প্রমাণের জন্য সর্বশেষ সরকারি সার্কুলার অনুসারে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত/ প্রতিস্বাক্ষরিত সনদপত্রের সত্যায়িত কপি।

জ) আবেদনপত্রের সাথে ১০"৪" সাইজের ১০/- টাকা মূল্যের অব্যবহৃত ডাকটিকিট সম্বলিত একটি ফেরৎ খাম সংযুক্ত করতে হবে।

ঝ) দাখিলকৃত কাগজপত্রাদি একজন ১ম শ্রেণী/ ৯ম গ্রেডভূক্ত সরকারি গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে এবং তাঁর নাম, পদবী ও ঠিকানা সম্বলিত সীল থাকতে হবে।

ঞ) আবেদপত্রের সাথে পরীক্ষার ফিস বাবদ যে কোন তফসিলভূক্ত ব্যাংক হতে ৩০০.- (তিনশত) টাকার ব্যাংক ড্রাফট/ পে- অর্ডার উপজেলা নির্বাহী অফিসার, শ্রীপুর, মাগুরার অনুকূলে ক্রয়পূর্বক সংযুক্ত করতে হবে।

৬. তার পূর্ববর্তী কার্যকলাপ সংশ্লিষ্ট থানা এবং যথাযোগ্য সংস্থার মাধ্যমে প্রতিপাদিত ও বাহিনীর চাকুরীতে নিয়োগ লাভের জন্য উপযুক্ত হতে হবে। সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় উপযুক্ত হতে হবে।

৭. বাংলাদেশের নাগরিক ব্যতীত অন্য কাউকে বিবাহ করা যাবে না এবং বিবাহের প্রতিশ্রুতিবদ্ধ হওয়া যাবে না।

৮. চাকুরীরত প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে পারবেন।

৯. মহল্লাদারের শুন্যপদের লোক নিয়োগের ক্ষেত্রে উপরোক্ত শর্ত বা যোগ্যতায় উপযুক্ত বিবেচিত হলে মৃত বা অবসরপ্রাপ্ত মহল্লাদারের পুত্র, কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেয়া হবে।

১০. অসম্পন্ন, ত্রুটিযুক্ত ও নির্ধারিত তারিখ ও সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১১. প্রার্থীকে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য এ কার্যালয় হতে কোন টিএ/ ডিএ প্রদান করা হবে না।

১২. নিয়োগ প্রক্রিয়া বাতিল ও সংরক্ষণের ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

03.05.23

(কমলেশ মজুমদার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
মহল্লাদার নিয়োগ কমিটি
শ্রীপুর, মাগুরা।

স্মারক নং- ০৫.৪৪.৫৫৯৫.০০০.০৭.০০৩.২৩- ৫৫৭

তারিখ : ২০ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ
০৩ মে ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১. জেলা প্রশাসক, মাগুরা।
২. উপ-পরিচালক, স্থানীয় সরকার, মাগুরা।
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীপুর, মাগুরা।
৪. সহকারী কমিশনার (ভূমি), শ্রীপুর, মাগুরা।
৫. অফিসার-ইন-চার্জ, শ্রীপুর থানা, শ্রীপর, মাগুরা।
৬. উপজেলা ..................................অফিসার, শ্রীপুর, মাগুরা।
৭. চেয়ারম্যান ....................ইউনিয়ন পরিষদ, শ্রীপুর, মাগুরা (সংশ্লিষ্ট ইউনিয়ন ও ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থানে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)।
৮. টেকনিশিয়ান, উপজেলা পরিষদ, শ্রীপুর, মাগুরা। তাঁকে বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৯. জনাব........................................।
১০। অফিস কপি।

03.05.23

উপজেলা নির্বাহী অফিসার
শ্রীপুর, মাগুরা।